40

দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG. 30 1999
পৃষ্ঠা ৮ কলাম ৬

# চট্টগ্রাম ভার্সিটি সমস্যা নিরসনে সমঝোতা কমিটি গঠিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ অবশেষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সমস্যা নিরসনের লক্ষ্যে সমঝোতা কমিটি গঠিত হয়েছে। কলা অনুষদের ডীন ডঃ ইমরান হোসেনকে আহ্বায়ক করে শনিবার সন্ধ্যায় চার সদস্যবিশিষ্ট এই সমঝোতা কমিটি গঠন করা হয়। কমিটি সকল ছাত্র সংগঠনের সঙ্গে আলাপ আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সমস্যা নিরসন করবে।

কমিটির বাকি দু'জন সদস্য হচ্ছেন যথাক্রমে শাহ্ আমানত হলের প্রভোস্ট সদস্য ডঃ আজিজুর রহমান ও এফ রহমান হলের প্রভোস্ট ডঃ মুহাম্মদ শামসুদ্দিন।